4th Semester (Generic)

Paper- GE4T (পাশ্চাত্য দর্শন)

Structure - দ্বৈতবাদ

(দেহ ও মন সম্বন্ধে মতবাদ)

Subject - দর্শন

Teachers name- পল্লবী মিশ্র

রাজা নরেন্দ্রলাল খান মহিলা মহাবিদ্যালয়

## দেহ ও মন সম্পর্কিত দ্বিদিকবাদ | (GE4T) 4th semester

দ্বিদিকবাদের মূলে হচ্ছে স্পিনোজার সমান্তরালবাদ। দ্বিদিকবাদ অনুসারে দেহ ও মন দুটি স্বতন্ত্র বিষয় নয়। তারা একই দ্রব্যের দুটি ভিন্ন দিক মাত্র। আমরা কেবল এই দুটি দিককেই দৈহিক ও মানসিক দশাকেই জানতে পারি। তবে অন্তরালবর্তী দ্রব্যকে জানা আমাদের সাধ্যের বাইরে। দেহ ও মনের আশ্রয় দ্রব্যকে আমরা জানতে পারি না, তা জানা যায়ও না। উত্তল ও অবতল দুটি দিক যেমন একই বক্র কাঁচের দুটি দিক, তেমনই দেহ ও মনও একই অজ্ঞাত দ্রব্যের দুটি দিক। দৃষ্টিভঙ্গির পার্থক্যের জন্য একই দ্রব্যকে কখনো দেহরূপে আবার কখনো মনরূপে অনুভূত হয়। বাহ্যদৃষ্টিতে যা দেহ, অন্তঃদৃষ্টিতে তাই মন। দেহ ও মনের পার্থক্য তত্ত্বগত নয়, তাদের পার্থক্য দৃষ্টিভঙ্গিগত।

দ্বিদিকবাদ কোনো যুক্তিগ্রাহ্য মতবাদ নয়। দৈহিক দশা ও মানসিক দশা একই দ্রব্যের দুটি দিক হলে সে দুটি দশার মধ্যে পার্থক্য থাকতে পারে, কিন্তু বিরোধিতা থাকবে না। দেহ ও মনের পরস্পর বিরুদ্ধরূপেই আমরা অনুভব করি। দেহ বিস্তারযুক্ত কিন্তু অচেতন, মন বিস্তারহীন কিন্তু চেতন। এমন দুটি বিরুদ্ধধর্মী বিষয়কে একই দ্রব্যের দুটি দিক রূপে গণ্য করা যায় না।